

৩। ভের্ণার-এর সূত্র :

কার্ল ভের্ণার (১৮৬৪-৯৬) ১৮৭৫ খ্রীষ্টাব্দে জার্মান ভাষায় গ্রীমের সূত্রে আর কিছু বৈশিষ্ট্য ব্যাখ্যা করেন। তাঁর সূত্রটি তাঁর নামেই পরিচিত অর্থাৎ ভের্ণারের সূত্র। তাঁর সূত্রানুযায়ী, প্রাচীন জার্মান ভাষার অঘোষ উষ্মবর্ণ; ঘোষবর্ণে পরিণত হবে যদি পূর্ববর্তী স্বরধ্বনিতে স্বরাঘাত (accent) থাকে।

ভের্ণারের সূত্র হল গ্রীমের সূত্রে ত্রুটি বিচ্যুতি দূরীকরণের জন্য গুরুত্বপূর্ণ

সংযোজন। তিনি দেখিয়েছেন যে, ধ্বনি পরিবর্তন নির্ভর করে স্বরাঘাতের অবস্থানের উপর। গ্রীমের সূত্রানুযায়ী *p, *t, *k পরিবর্তিত হবে গথিকে b, d, g-তে যদি এ সব ধ্বনির আগে স্বরাঘাত থাকে। কিন্তু যদি এসব ধ্বনির পরবর্তী অক্ষরে স্বরাঘাত থাকে তবেই b, d, g হবে। অর্থাৎ,

(ক) ইন্দো-ইউরোপীয় মধ্য অথবা অন্ত্য p, t, k সবক্ষেত্রে f, θ, g-তে পরিণত হয় না। কিন্তু যদি এসব ধ্বনির আগে স্বরাঘাত থাকে তাহলে সেখানে b, δ, g হবে এবং সেই কারণেই এটি ভের্ণারের সূত্র নামে পরিচিত। উদাহরণ—

IE *k₁mtom > OIA. śatám (শতম্), Gk. he-katón (হে-কাতোন), Lat. centum (কেন্দ্রম্)

IE *dek₁m > OIA. daśa (দশ), Gk. déka (ডেকা), Lat. decem (ডেকেম্)

IE *p₁tér > OIA. pitár (পিতর), Gk. patēr (পতের), Goth. fadar (ফাদার)।

(খ) কিন্তু যদি পরবর্তী অক্ষরে স্বরাঘাত থাকে তাহলে f, th, h, s > b, δ, g, z > OE f, d, g, r-তে পরিণত হয়। যথা—

Prim-Gmc	(Later) Prim-Gmc	GMC	OE
*wurthún	*wurđún	*wúrđun	wurdon
*fluhún	*fluzún	*flúzun	flugon
*wāsún	*wæzún	*wāzun	*wæron

জার্মান ভাষায় গুণিত ক্রিয়াপদের ধাতুরূপে ভের্ণারের সূত্র খুব স্পষ্টভাবে লক্ষ্য করা যায়। যেমন—

(i) friosan (ফ্রিওসান) এবং তার past participle -এর রূপ gi-frovan (গি-ফ্রোবন)

(ii) kiosan এবং তার past participle -এর রূপ gi-koran.

বিশেষ্য পদেও এর পরিবর্তন লক্ষ্য করা যায়। যথা—

(iii) wolf এবং wulpa.